

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd



স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০২.২৫

প্রজ্ঞাপন

তারিখঃ ৫ ফাল্গুন, ১৪৩২
১৮ ফেব্রুয়ারি, ২০২৬

যেহেতু, মিঃ নাছরিন আক্তার, কর পরিদর্শক, কর অঞ্চল-২১, ঢাকা-এর অনুকূলে সাময়িকভাবে আইডিয়াল জোন, মতিঝিল, ঢাকা এর বি-৭২/জি-এ বাসাটি বরাদ্দ প্রদান করা হয়। তিনি বাসাটি বরাদ্দপ্রাপ্ত হয়ে নিজে অবস্থান না করে বাসাটি ভাড়া প্রদান করেছেন;

০২। যেহেতু, তিনি তাঁর অনুকূলে বরাদ্দকৃত আইডিয়াল জোন, মতিঝিল, ঢাকা এর বি-৭২/জি-৫ বাসাটি ভাড়া প্রদান করে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১২ এবং ১৪ লংঘন করেছেন এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৪ নভেম্বর ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৩৬.০০০২.১৯-৯৫ নম্বর স্মারকের মাধ্যমে তাঁর নিকট ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা চাওয়া হয়। তাঁর লিখিত ব্যাখ্যা অনুযায়ী বাসাটি ভাড়া প্রদানের বিষয় স্বীকার করেছেন এবং তাঁর ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন মর্মে উল্লেখ করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৩/১১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৩৬.০০০২.১৯-১২৩ নং স্মারকমূলে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয় এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এরই প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাঁকে “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করে জাতীয় রাজস্ব বোর্ডের ২০/১১/২০২৫ খ্রি. তারিখের ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০২.২৫/৩৪০-৩৪১ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে ০২/১২/২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং উক্ত আবেদনের প্রেক্ষিতে ২৮/০১/২০২৬ খ্রি. তারিখে আত্মগত সমর্থনে তাঁর শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায়, তাঁর অনুকূলে বরাদ্দকৃত আইডিয়াল জোন, মতিঝিল, ঢাকা এর বি-৭২/জি-৫ বাসাটি ভাড়া প্রদান করে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১২ এবং ১৪ লংঘন করেছেন যা শৃঙ্খলা পরিপন্থী। তাঁর এহেন কর্মকান্ডের জন্য অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দস্ত পাওয়ার যোগ্য;

০৫। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মিঃ নাছরিন আক্তার, কর পরিদর্শক, কর অঞ্চল-২১, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালায় বিধি ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে “তিরকার” সূচক লঘুদস্ত প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
চেয়ারম্যান


জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০২.২৫

তারিখঃ ৫ ফাল্গুন, ১৪৩২
১৮ ফেব্রুয়ারি, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

- ০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর নীতি/কর আপীল ও অব্যাহতি/করজরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/কর অডিট/ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর তথ্য ব্যবস্থাপনা সেবা/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্সসেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
- ০৫। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।
- ০৬। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী।
- ০৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
- ০৮। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
- ০৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১২। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/৩/৫)/হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। মিড নাছরিন আক্তার, কর পরিদর্শক, কর অঞ্চল-২১, ঢাকা।
- ১৪। অফিস কপি/গার্ড ফাইল।


মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা